উপজেলা পরিষদ
উপজেলা: আটপাড়া, জেলা: নেত্রকোণা।
www.atpara.netrokona.gov.bd

## ডিসেম্বর/২০২৩ মাসে অনুষ্ঠিত উন্নয়ন সমন্বয় সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | : জনাব মো: খায়রুল ইসলাম, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আটপাড়া, নেত্রকোণা। |
| সভার স্থান | : উপজেলা পরিষদ সভাকক্ষ, আটপাড়া, নেত্রকোণা। |
| তারিখ ও সময় | : ১৪ ডিসেম্বর ২০২৩ খ্রি. বেলা : ১২.৩০ ঘটিকা। |

**পরিশিষ্ট 'ক' : সভায় উপস্থিত সদস্যদের তালিকা**

সভায় উপজেলা পরিষদ চেয়ারম্যান উপস্থিত সকলকে স্বাগত ও শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর স্বাগত বক্তব্যসহ সভার কার্যক্রম পরিচালনা করার জন্য জনাব লিটুস লরেন্স চিরান, উপজেলা নির্বাহী অফিসার ও মুখ্য নির্বাহী কর্মকর্তা, উপজেলা পরিষদ, আটপাড়া, নেত্রকোণা-কে অনুরোধ করেন। চেয়ারম্যান মহোদয়ের অনুরোধক্রমে মুখ্য নির্বাহী কর্মকর্তা উপজেলা পরিষদের নভেম্বর/২০২৩ মাসের কার্যবিবরণী সভায় পাঠ করে শুনান এবং এতে কোন সংশোধন না থাকায় সর্বসম্মতিক্রমে সভায় দৃঢ়ীকরণ করা হয়। অত:পর আলোচ্যসূচী অনুযায়ী এ মাসের মাসিক সভায় বিভাগ ভিত্তিক কার্যক্রম আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহিত হয়।

| আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| **০১. প্রাণিসম্পদ বিভাগ:**<br>উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় জানান যে, উপজেলা প্রাণিসম্পদ দপ্তর এর পরিত্যক্ত ভবন নিলামে বিক্রয়ের জন্য উপজেলা প্রকৌশলী, আটপাড়া, নেত্রকোণা ৬২,১৪১/- (বাষট্টি হাজার একশত একচল্লিশ) টাকার প্রাক্কলন দাখিল করেন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। তিন আরো জানান যে, তার কার্যালয় কর্তৃক বিভিন্ন সংক্রামক রোগের টিকা প্রদান কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া অন্যান্য সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | প্রাণিসম্পদ দপ্তর এর পরিত্যক্ত ভবন এর ৬২,১৪১/- (বাষট্টি হাজার একশত একচল্লিশ) টাকার প্রাক্কলন জেলা কনডেমেনেশন কমিটিতে উপস্থাপন এবং নিলামের মাধ্যমে অপসারনের জন্য জেলা প্রশাসক, নেত্রকোণা মহোদয়ের সদয় অনুমোদনের জন্য প্রেরণের সিদ্ধান্ত গৃহিত হয়। | ০১. উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, আটপাড়া, নেত্রকোণা<br>০২. উপজেলা প্রকৌশলী, আটপাড়া, নেত্রকোণা। |
| **০২. স্বাস্থ্য বিভাগ:**<br>উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা,আটপাড়া সভায় জানান যে, ডেঙ্গুর বিরুদ্ধে প্রচার প্রচারণা ও পরিস্কার পরিচ্ছন্নতার অভিযান চালমান রয়েছে। ডায়রিয়া ও ফুসফুস জনিত রোগ বেড়ে গিয়েছে। এগুলোর ব্যাপারে মাঠ পর্যায়ে স্বাস্থ্য শিক্ষা কার্যক্রম চলমান রয়েছে। তিনি আরো জানা যে, গত ১২ ডিসেম্বর জাতীয় ভিটামিন 'এ' ক্যাম্পেইন সফলভাবে সম্পন্ন হয়েছে। এছাড়া অন্যান্য সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা স্বাস্থ্য ও প:প: কর্মকর্তা আটপাড়া, নেত্রকোণা। |
| **০৩. কৃষি বিভাগ:**<br>উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, ২০২৩-২০২৪ অর্থবছরে বোরো আবাদ ও ফলন বৃদ্ধির লক্ষ্যে ৬৫০০ জন কৃষকের মাঝে বিনামূল্যে সার ও বীজ বিতরণ করা হয়েছে। বোরো মৌসুমে যাতে সারের সংকট না হয় সে লক্ষ্যে কৃষি বিভাগ জোরদার মনিটরিং চলিয়ে যাচ্ছে। এছাড়া অন্যান্য সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান রয়েছে। | বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা কৃষি অফিসার আটপাড়া, নেত্রকোণা। |
| **০৪. স্থানীয় সরকার ও প্রকৌশল বিভাগ:**<br>উপজেলা প্রকৌশলী, আটপাড়া সভায়, পরিষদের রাজস্ব তহবিল, উন্নয়ন তহবিল এবং এডিপি হতে নিম্ন বর্ণিত প্রকল্প সম্পাদনের প্রস্তাব করেন।<br><br>প্রকল্প নাম \| তহবিল \| বরাদ্দ<br>(১) উপজেলা নির্বাহী অফিসারের বাসা মেরামত ও কোর্ট বিল্ডিং সংলগ্ন পাম্প বাসানো ও মেরামত প্রকল্প \| রাজস্ব \| ২,০০,০০০ | বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের বাসাবাড়ি ও অফিস মেরামত, অফিস সরঞ্জাম মেরামত, বিভিন্ন উন্নয়ন প্রকল্প ও প্রকাশনা বিল অনুমোদনরের সিদ্ধান্ত গৃহিত হয়। | ০১. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আটপাড়া, নেত্রকোণা।<br>০২. উপজেলা নির্বাহী অফিসার আটপাড়া, নেত্রকোণা।<br>০৩. উপজেলা প্রকৌশলী আটপাড়া, নেত্রকোণা।<br>০৪. ইউনিয়ন পরিষদ চেয়ায়্যান (সকল) আটপাড়া, নেত্রকোণা। |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| (২) উপজেলা পরিষদের হলরুম রং করণ, ইলেক্ট্রিক ওয়ারিং ও চেয়ারম্যান কোয়াটারে পাম্প বসানোর সরঞ্জাম সরবরাহ প্রকল্প | রাজস্ব | ২,০০,০০০ | | আটপাড়া, নেত্রকোণা। |
| (৩) বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে লেপটপ সরবরাহ প্রকল্প | রাজস্ব | ২,০০,০০০ | | |
| (৪) উপজেলা পরিষদের উপজেলা নির্বাহী অফিসারের অফিস মেরামত, সংস্করণ এবং ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যানের কক্ষে চেয়ার সরবরাহ প্রকল্প | এডিপি উন্নয়ন | ১,৪৫,০০০ | | |
| (৫) বাগড়া হাওরের রাস্তায় একটি ইউড্রেইন নির্মাণ প্রকল্প | এডিপি উন্নয়ন | ১,০০,০০০ | | |
| (৬) দুওজ ইউনিয়নের চারিগাতিয়া স:প্রা: বিদ্যা: এরে রাস্তায় দুইপাশে ০২ টি প্যালাডাইডিং নির্মাণ প্রকল্প | এডিপি উন্নয়ন | ৪,০০,০০০ | | |
| (৭) উপজেলা চেয়ারম্যান অফিস ও এলিজিইডিত বড় ধরনের আইপিএস সরবরাহ প্রকল্প | এডিপি উন্নয়ন | ১,৫০,০০০ | | |
| (৮) দুওজ ইউনিয়নে মোগলহাট্টা গ্রামে কাচুমিয়ার বাড়ির সমানে ১ ট ইউড্রেইন নির্মাণ প্রকল্প | এডিপি (থোক) | ১,০০,০০০ | | |
| (৯) দুওজ ইউনিয়নে গণের হাওরে টুটনের ক্ষেতের পাশে ১ ট ইউড্রেইন নির্মাণ প্রকল্প | এডিপি (থোক) | ১,০০,০০০ | | |
| (১০) তেলিগাতী টেংগা ধলিবন হাওয়ারে রাস্তায় পাশে ১টি ইউড্রেইন নির্মাণ প্রকল্প | এডিপি (থোক) | ১,০০,০০০ | | |
| এছাড়া তিনি আরো জানান যে, উপজেলা পরিষদ হতে ইউজিডিপি প্রকল্প (জাইকা) প্রকল্পসমূহ টেন্ডার বিজ্ঞপ্তি নিম্নোক্ত পত্রিকার গুলোর অনুকূলে প্রকশা ব্যয় উপজেলা রাজস্ব তহবিল হত উত্তোলন প্রয়োজন। | | | | |
| **০৫. পরিবার পরিকল্পনা বিভাগ:** উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, ৯-১৪ ডিসেম্বর অনুষ্ঠিত পরিবার কল্যান সেবা ও প্রচার সপ্তাহ সফল করার ব্যাপারে সকলের সহযোগিতা পাওয়ায় সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন। কামরুননাহার জেবু ১০ শয্যা বিশিষ্ট মা ও মিশু কল্যাণকেন্দ্রে নরমাল ডেলিভারি হয়েছে। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | | | বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখতে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, আটপাড়া, নেত্রকোণা। |
| **০৬. মাধ্যমিক শিক্ষা বিভাগ :** উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, ২০২৪ সালের বিনামূল্যে পাঠ্যপুস্তকের চাহিদানুযায়ী এ পর্যন্ত মাধ্যমিকের ৪৫%, দাখিলের ৩৫% এবং এবতেদায়ীর ১০০% বই উপজেলায় পৌছেছে। তিনি আরো বলেন যে, ২০২৪ সালে ৮ম ও ৯ম শ্রেণিতে নতুন শিক্ষাক্রম চালু হচ্ছে। ১৭ ডিসেম্বর/২০২৩ তারিখ থেকে আটপাড়া ও মদন উপজেলার সকল বিষয় শিক্ষকের নতুন কারিকুলাম অনুযায়ী ৭ দিন ব্যাপী প্রশিক্ষণ বানিয়াজান সরকারি চৌধুরী তালুকদার পাইলট উচ্চ বিদ্যালয়ে শুরু হবে। বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | | | বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখতে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, আটপাড়া, নেত্রকোণা। |

| | | |
|---|---|---|
| **০৭. শিক্ষা বিভাগ:**<br>উপজেলা শিক্ষা অফিসার, আটপাড়া জানান যে, বিগত ১১.১২.২০২৩ খ্রি. তারিখ মা সমাবেশের মাধ্যমে তৃতীয় প্রান্তিক মূল্যায়ন এর ফলাফল ঘোষণা করা হয়েছে। ভোটকেন্দ্র হিসেবে বামুন্দি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে সুপেয় পানির ব্যবস্থা নেই। এ বিষয়ে উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) অফিসারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করেন। ২য় শ্রেণি এবং ৩য় শ্রেণির বই এখনো উপজেলা পর্যায়ে আসে নাই। অন্যান্য শ্রেণির শতভাগ বই পাওয়া গেছে। ৩১ ডিসেম্বর ২০২৩ খ্র. তারিখের মধ্যে বিদ্যালয় পর্যায়ে বই বিতরণ করা হবে। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা শিক্ষা অফিসার আটপাড়া, নেত্রকোণা। |
| **০৮. ত্রাণ ও দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগ:**<br>উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, কাবিখা, কাবিটা ও টি.আর এর ২য় পর্যায়ের মেয়াদ ৩১ ডিসেম্বর ২০২৩ খ্রি. পর্যন্ত। সকল ইউপি চেয়ারম্যানদের প্রতি দ্রুত কাজ সম্পন্ন করার জন্য ইউপি চেয়ারম্যানদের অনুরোধ করেন। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | প্রকল্পের কাজ দ্রুত করার জন্য সিদ্ধান্ত গ্রহীত হয়। কোন শ্রমিকের নগদ একাউন্ট সম্বলিত সীম যেন শ্রমিক ব্যতীত অন্য কারো কাছে না থাকে সে বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখতে হবে। | ১. উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, আটপাড়া,নেত্রকোণা।<br>২. চেয়ারম্যান (সকল) আটপাড়া,নেত্রকোণা। |
| **০৯. সমাজসেবা বিভাগ:**<br>উপজেলা সমাজ সেবা অফিসার, আটপাড়া জানান যে, ২০২৩-২০২৪ অর্থ বছরে ২য় কিস্তির পেরোল প্রদান আগামী ১৭ ডিসেম্বর ২০২৩ থেকে শুরুর নির্দেশনা রয়েছে। তিনি আরো জানান যে, লাইভ ভেরিফিকেশনে যেসব ভাতাভোগী অনুপস্থিত রয়েছে এবং অদ্যবধি তাদেরকে সনাক্ত করা যায়নি তাদেরকে নিরুদ্দেশ/মৃত্যু বলে গণ্য করে তাদের স্থলে নতুন ভাতাভোগী নির্বাচন করে পেরোল অদ্যাবধি নির্দেশনা অধিদপ্তর থেকে দেওয়া হয়েছে। আগামী ১৭ ডিসেম্বর ২০২৩ এর মধ্যে রেজুলেশনসহ প্রতিস্থাপনের পূর্ণাঙ্গ তালিকা উপজেলা সমাজসেবা কার্যালয়ে প্রেরণ করার জন্য ইউনিয়ন ভাতা বাস্তবায়ন কমিটির সম্মানিত সভাপতি ইউপি চেয়ারম্যান মহোদয়বৃন্দকে অনুরোদ করেন। প্রতিস্থাপন ২০২৩-২০২৪ অর্থবছরে অনলাইনে আবেদনকারীদের মধ্য থেকে করার জন্য অনুরোধ করেন। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | আগামী ১৭ ডিসেম্বর ২০২৩ এর মধ্যে রেজুলেশনসহ প্রতিস্থপনের পূর্ণাঙ্গ তালিকা উপজেলা সমাজসেবা কার্যালয়ে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। সেবা প্রার্থীদের টাকা প্রতারক চক্র যেন না নিতে পারে সে বিষয়ে লক্ষ রাখতে হবে প্রয়োজনে নাম্বার সংগ্রহ করে থানায় যোগাযোগ করতে হবে। বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখতে হবে। | ১. উপজেলা সমাজসেবা অফিসার, আটপাড়া, নেত্রকোণা।<br>২. চেয়ারম্যান ...........(সকল) ইউনিয়ন পরিষদ, আটপাড়া। |
| **১০. সমবায় বিভাগ:**<br>উপজেলা সমবায়কর্মকর্তা, আটপাড়া জানান যে, আশ্রয়ন-২ প্রকল্পে আওতায় ০৩ টি আশ্রয়ন প্রকল্প থেকে এ মাসে ঋণ ১৪,৩৪০ (চৌদ্দ হাজার তিনশত চল্লিশ) টাকা আদায় করা হয়েছে। অডিট ফি বাবদ ৩০০০ (তিন হাজার) এবং সমবায় উন্নয়ন তহবিল বাবদ ৯০০ (নয়শত) আদায় করা হয়েছে। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ঋণ আদায় কার্যক্রম জোরদার করতে হবে এবং আশ্রয়ণ প্রকল্পে সমবায় সমিতি গঠন ও নিয়মিত মনিটরিং করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমবায় অফিসার আটপাড়া, নেত্রকোণা। |
| **১১. যুব উন্নয়ন অধিদপ্তর:**<br>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, আগামী জানুয়ারি ২০২৪ মাসের ৬ মাস মেয়াদী কম্পিউটার ট্রেড সহ বিভিন্ন ট্রেড জেলা কার্যালয়ে প্রশিক্ষণের বিজ্ঞপ্তি দেওয়া হয়েছে। এই ব্যাপারে সকলের সহযোগিতা কমানা করেন। তিনি আরো জানান যে, যুব কল্যাণ তহবিল অনুদান প্রাপ্তির আবেদন সময়সীমা বাড়ানো হয়েছে যা সকলকে বাগত করা হবে। এছাড়া নিয়মিত প্রশিক্ষণ ও ঋণ কার্যক্রমসহ বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখতে হবে এবং ঋণ আদায়ে মাঠ ভিজিট বৃদ্ধির বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | ০১. উপজেলা যুব উন্নয়ন অফিসার,আটপাড়া,নেত্রকোণা।<br>০২. ইউপি চেয়ারম্যান (সকল) আটপাড়া, নেত্রোকণা। |
| **১২. বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি):**<br>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, ঋন বিতরণ ও আদায় কার্যক্রম অব্যহত আছে। এ মাসে ৮.১০ লক্ষ টাকা বিতরণ হয়েছে এবং ৭.২১ লক্ষ টাকা আদায় হয়েছে। এ অর্থ বছরে ৩৩.৪৮ লক্ষ টাকা ঋণ বিতরণ হয়েছে এবং ২৫৮.৪ লক্ষ টাকা আদায় হয়েছে। বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখতে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা আটপাড়া,নেত্রকোণা। |

...হতে উত্তোলন প্রয়োজন।

| | | |
|---|---|---|
| **১৩. মৎস্য বিভাগ:**<br>উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, ডিসেম্বর/২০২৩ মাসে ০৩টি খাদ্যের লাইসেন্স নবায়ন করা হয়েছে। এছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখতে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মৎস্য কর্মকর্তা আটপাড়া, নেত্রকোণা |
| **১৪. মহিলা ও শিশু বিষয়ক বিভাগ:**<br>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, ভিডাব্লিউবি কার্যক্রম চলমান আছে। নভেম্বর/২০২৩ পর্যন্ত বিতরণ সম্পন্ন হয়েছে। মা ও শিশু সহায়তা কর্মসূচীর আওতায় প্রতি ইউনিয়নে মাসে ৬ জন করে ভাতা ভোগী নির্বাচনের কার্যক্রম চলমান আছে। কিশোর কিশোরী ক্লাবের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। বিভিন্ন ইউনিয়নে বাল্যবিবাহ, মাদক দ্রব্য, জঙ্গিবাদ বিষয়ে উঠান বৈঠক চলমান রয়েছে। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | নিয়মিত সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।। | ১. উপজেলা মহিলা বিষয়ক অফিসার, আটপাড়া, নেত্রকোণা। |
| **১৫. জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর:**<br>উপ-সহকারী প্রকৌশলী সভায় জানান যে, ২০২৩-২০২৪ অর্থ বছরের সমগ্রদেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের কাজ চলমান রয়েছে। তিনি আরো বলেন যে, প্রাথমিক বিদ্যালয়ের ১০টি ওয়াশ ব্লকের কাজ চলমান রয়েছে। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখতে হবে। | উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), আটপাড়া, নেত্রকোণা। |
| **১৬. ইউজিডিপি প্রকল্প (জাইকা):**<br>প্রকল্প প্রতনিধি উপজেলা পরিচালন ও উন্নয়ন (ইউজিডিপি) সভায় জানান যে, প্রকল্পরে কাজ স্বাভাবকি চলমান রয়েছে। | বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখতে হবে। | ১. চেয়ারম্যান উপজেলা পরিষদ, আটপাড়া, নেত্রকোণা।<br>২. উপজেলা নির্বাহী অফিসার আটপাড়া, নেত্রকোণা। |
| **১৭. বিদ্যুৎ বিভাগ:**<br>প্রতিনিধি বিদ্যুৎ বিভাগ জানান যে, আসন্ন চলতি সেচ মৌসুমে ইতি মধ্যে পুরাতন সেচ সংযোগ এর মধ্যে ৩৩ টি সংযোগ হয়েছে এবং নতুন আবদেন কৃত সেচ সংযোগ আবেদন সংখ্যা ১২ টি ইতোমধ্যে ৭ টি নতুন সংযোগ প্রদান করা হয়েছে বাকীগুলো সংযোগের প্রক্রিয়াধীন আছে। তিনি আরো বলেন যে, বর্তমানে লোড শেডিং নেই কিন্তু আগত সেচ মৌসুমে লোড শেডিং থাকবে এর মধ্যে সকলেক দৈর্য্য সহকারে লোড শেডিং মোকাবেলা করার জন্য সকলের প্রতি অনুরোধ জানান। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাপে চলছে। | পুরাতন সেচ নলকূপগুলোকে সরকারি সেচ নীতীমালার আওতায় লাইসেন্স গ্রহণের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের এবং নতুন লাইসেন্স প্রাপ্ত নলকূপগুলোর দ্রুত সংযোগ দেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখতে হবে। | সহকারী জেনারেল ম্যানেজার, আটপাড়া পল্লী বিদ্যুৎ সমিতি, আটপাড়া, নেত্রকোণা। |
| **১৮. খাদ্য বিভাগ:**<br>কর্মকর্তা জানান যে, আমন চালের সংগ্রহ কাজ উদ্বোদন হবে অদ্য ১৪.১২.২০২৩ তারিখ। সংগ্রহ কার্যক্রম চলমান থাকবে। বিভাগের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখতে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা খাদ্য কর্মকর্তা আটপাড়া, নেত্রকোণা। |
| **১৯. তথ্যআপা প্রকল্প:**<br>তথ্যসেবা কর্মকর্তা জানান যে, ডিসেম্বর/২০২৩ খ্রি. মাস ০৩ টি উঠান বৈঠক করার নির্দেশনা রয়েছে। বৈঠকগুলো আগামী সপ্তাহের দুওজ ইউনিয়নে অনুষ্ঠিত হবে। তিনি আরো জানান যে, তথ্যকেন্দ্রে ১৮ তম নিবন্ধনের আবেদন ও প্রাথমিক স্বাস্থ্য সেবার কার্যক্রম পরিমাণ অনুমানিক ভাবে বেশি। তথ্যকেন্দ্রের ও মাঠ পর্যায়ের কার্যক্রম সুষ্টু ও স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখতে হবে। | তথ্যসেবা কর্মকর্তা, আটপাড়া, নেত্রকোণা। |
| **২০. বিবিধ আলোচনা:**<br>**(ক) উপজেলা পরিষদের রাজস্ব আয় ও ব্যয়ের অনুমোদন:**<br>উপজেলা প্রকৌশলী, পরিষদের রাজস্ব তহবিল হতে নম্নি বর্ণিত কাজ সম্পাদনের প্রস্তাব করেন।<br>(১) বাসাবাড়ি ও অফিস মেরামত।<br>(২) ভূ-গর্ভস্থ পানির লাইন মেরামত।<br>(৩) অ-প্রত্যাশিত খাত থেকে সাহায্য।<br>(৪) অফিস সরঞ্জাম মেরামত।<br>(৫) আসবাবপত্র ক্রয় ও মেরামত। | (ক) বস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের বাসাবাড়ি ও অফিস মেরামত, অফিস সরঞ্জাম মেরামত ও প্রকাশনা বিল অনুমোদনরের সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা প্রকৌশলী ও সংশ্লিষ্ট কমিটি। |

CamScanner

<table>
<tr>
<td>
রাজস্ব তহবিল সংক্রান্ত:<br>
রাজস্ব তহবিল ২৪ নভেম্বর ২০২৩ থেকে ১৩ ডিসেম্বর ২০২৩ পর্যন্ত ব্যয়ের খাত সমূহ অনুমোদনের জন্য উপস্থাপন করা হয়।
<table>
<tr><th>ব্যয়ের খাত</th><th>টাকা</th></tr>
<tr><td>উপচে ও ভাইস চেয়ারম্যানদ্বয়ের সম্মানি ভাতা</td><td>৯৪,০০০</td></tr>
<tr><td>বাসাবাড়ি ও অফিস মেরামত</td><td>৬,০০,০০০</td></tr>
<tr><td>অফিস সরঞ্জাম মেরামত</td><td>২৪,০০০</td></tr>
<tr><td>আপ্যায়ন ও আনুষঙ্গিক বিল</td><td>৩৫,০০০</td></tr>
<tr><td>উপজেলা সীমানা প্রাচীর নির্মাণ</td><td>১৬,০৯,০৯১</td></tr>
<tr><td>পরিষদের জীপগাড়ির জ্বালানী ব্যয়</td><td>৫৬,৩১১</td></tr>
<tr><td>মালী মজুরী প্রদান</td><td>১৭,০৫০</td></tr>
<tr><td>জীপ গাড়ির মেরামত</td><td>১৭,৩০০</td></tr>
<tr><td>জাতীয় দিবস উদযাপন</td><td>৫০,০০০</td></tr>
<tr><td>সর্বমোট</td><td>২৪,৬৭,৭৫২</td></tr>
</table>
</td>
<td>বিস্তারিত আলোচনান্তে রাজস্ব তহবিল ২৪ নভেম্বর ২০২৩ থেকে ১৩ ডিসেম্বর ২০২৩ পর্যন্ত ব্যয়ের খাত সমূহ অনুমোদনের জন্য উপস্থাপিত ছকে প্রদর্শিত খাত অনুসারে সর্বমোট ২৪,৬৭,৭৫২/- (ছব্বিশ লক্ষ সাতানব্বই হাজার সাতশথ বায়ান্ন) টাকার ব্যয় সর্ব সম্মতিক্রমে অনুমোদন করা হলো।</td>
<td>সংশ্লিষ্ট আয়ন ব্যয়ন কর্মকর্তা।</td>
</tr>
</table>

পরিশেষে আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ খায়রুল ইসলাম)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
আটপাড়া, নেত্রকোণা

স্মারক নং-০৫.৪৫.৭২০৪.০০১.০৬.০০৪.২৩-৯৪৮

তারিখ: ২৯ অগ্রহায়ণ ১৪৩০ / ১৪ ডিসেম্বর ২০২৩

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো-

০১. মাননীয় সংসদ সদস্য, ১৫৯ নেত্রকোণা-৩ ও উপদেষ্টা, উপজেলা পরিষদ, আটপাড়া, নেত্রকোণা।
০২. সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩. জেলা প্রশাসক, নেত্রকোণা।
০৪. নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ/জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ, নেত্রকোণা।
০৫. ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আটপাড়া, নেত্রকোণা
০৬. উপজেলা ..................................................... অফিসার, আটপাড়া, নেত্রকোণা।
০৭. চেয়ারম্যান ..................................................... ইউনিয়ন পরিষদ, আটপাড়া, নেত্রকোণা।
০৮. জনাব ...............................................................................................

১৪/১২/২৩

(লিটুস লরেন্স চিরান)
উপজেলা নির্বাহী অফিসার
আটপাড়া, নেত্রকোণা
ফোন নং: +৮৮০১৭৫৫ ৬৭২১৪১

CamScanner